



আপনি কি কিতাব থেকে একটি ভালো উদাহরণ দিতে পারবেন যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছে?

হ্যাঁ, অনেক! কিতাবে আমরা এমন অনেক উদাহরণ দেখতে পাই যেখানে একজন নারী নেতৃত্ব দিচ্ছে। আসুন বিষয়টিকে খুব সাধারণ এবং একটি অনুচ্ছেদে নিবন্ধ রাখি-ইফি ৪:১১-১২।

“তিনিই কিছু লোককে সাহাবী, কিছু লোককে নবী, কিছু লোককে সুসংবাদ তবলিগকারী এবং কিছু লোককে জামাতের ইমাম ও গুলুদ্রদ হিসাবে নিযুক্ত করেছেন। তিনি এঁদের নিযুক্ত করেছেন যেন আল-হু-র সব বান্দারা তাঁরই সেবা-কাজ করবার জন্য প্রস্তুত হয় এবং এইভাবে মসীহের শরীর গড়ে ওঠে।”

APEPT

মূল শব্দ

পাঁচ ভাজ যুক্ত পরিচর্যা

ইফিবীয় ৪:১১-১২

পরিপক্ককারী দান- যারা অন্যদেরকে পরিচর্যার জন্য তৈরি করে।

প্রেরিত পৌল জামাতে পাঁচটি পরিপক্ককারী কাজের তালিকা তৈরি করেছেন যা ঈসা দিয়েছেন জামাতে একে অপরকে গড়ে তোলার জন্য। এই রহমত প্রাপ্ত লোকেরা পরিচালনা করে, নেতৃত্ব দেয়, শিক্ষা দেয়, এবং মসীহের দেহকে প্রস্তুত করে যাতে সমস্ত পৃথিবীকে প্রভাবিত করতে পারে। কিতাবে কোথাও পরিপক্ককারী হিসেবে একজন নারীকে দেখানো হয়েছে? হ্যাঁ, অনেক!

- **A—Apostles(প্রেরিত)** যুনিয় -কে (রোমীয় ১৬:৭) পৌল বলেছেন প্রেরিতদের মধ্যে সুপরিচিত। প্রেরিত হলো তারা যাদেরকে মিশনারী হিসেবে প্রেরণ করা হয় যেমন পৌল, সীল, বার্নাবা-শুধুমাত্র বারোজন নয়)
- **P—Prophets(ভাববাদী)** ফিলিপের কন্যা (প্রেরিত ২১:৯), আনা (লুক ২:৩৬), মরিয়াম (হিজরত ১৫:২০), দেবোরা (কাজীগণ ৪:৪), হালদা (২ বাদশাহনামা ২২:১৪), ইশাইয়ার স্ত্রী (ইশাইয়া ৮:৩)
- **E—Evangelists(প্রচারক)** মগ্দলিনী মরিয়ম, যোয়ানা, ইয়াকুবের মা মরিয়ম (মথি ২৮:৮-১০, লুক ২৪:৯-১০ এবং ইউহোন্না ২০:১৭-১৮), শমরীয় নারী (ইউহোন্না ৪:৩৯)
- **P—Pastors(যাজক)** কোন নারী বা পুরুষকে কিতাবে যাজক বলে সম্বোধন করা হয়নি। বরং তাদেরকে মেষপালক বলা হয়েছে, যার কাজ হলো জামাতকে লালন-পালন করা। একজন প্রবীণ পালকের কাজের অস্তিত্ব প্রথম শতকে ছিল না। গৃহ জামাতের নারী নেতারা ছিলেন- ফোবি, ক্লোয়ি, নিফা।
- **T—Teachers(শিক্ষক)** প্রিক্সিল্লা (প্রেরিত ১৮:২৪)।

এই অসাধারণ নারীরা প্রচুর রূপে প্রশংসিত ছিলেন। তাদেরকে ইশ্রায়েল জাতি, ঈসা, পৌল এবং আদি জামাতের সবাই তাদেরকে সম্মান করেছে এবং স্মরণ করেছে।

তারা আল্লাহের সেবক (স্ত্রী/মা এর পরিবর্তে) হিসেবে নথিভুক্ত। তারা সেইসব নেতা যাদেরকে প্রেরণ করা হয়েছে, আল্লাহের আহ্বান শুনেছে ও বলেছে, সুসমাচার তবলিগ করেছে, পালন করেছে ও নির্দেশনা দিয়েছে।

এই অনুচ্ছেদগুলির কোথাও এমন উল্লেখ নেই যে আল্লাহ এই নারীদের সেবায়/কাজে অশুশি ছিলেন। কোন কিছুতেই না! কোন কিতাবীয় আদেশই এই নারীদেরকে চুপ থাকার নির্দেশনা দেয়নি। গুরুত্বপূর্ণ বিষয় হলো, আল্লাহ এদেরকে নিরুৎসাহিত করেননি অথবা থামাননি।

অন্য নেতৃত্বদানকারী নারীদের কিতাবে প্রশংসা করা হয়েছে(এবং আজও)

- হবা-আল্লাহের কতৃক অনুমোদিত- তার স্বামীর সাথে সম্পূর্ণ পৃথিবী পৃথিবীকে পূর্ণ ও কর্তৃত্ব করার জন্য। (পয়দা ১-২)
- মরিয়ম- প্রান্তরে ইশ্রায়েল জাতির আরাধনা পরিচালনা করতেন। (হিজরত ১৫:২০)
- লিডিয়া- ইউরোপকে সুসমাচারের জন্য উন্মুক্ত করেছিলেন। তার বাড়িই ইউরোপে প্রথম জামাত। (প্রেরিত ১৬)
- ফৈবী- তাকে ডিকন এবং *prostat* বা সেবাদানকারী নেতৃত্বের চূড়ান্ত রূপের শব্দ দ্বারা ডাকা হতো। (রোমীয় ১৬:১-২)
- মহান আদেশ-প্রতিটি নারী যারা ঈসাকে বিশ্বাস করে তারা মথি ২৮:১৯-২০ -এর মহান আদেশ মেনে চলতে ইচ্ছুক।

যেসব নারীরা পরিচর্যাক্ষেত্রে অন্যান্য পরিচর্যাকারীদেরকে গড়ে তোলে এবং আল্লাহের লক্ষ্য পূরণে কাজ করে, তাদের উপর আল্লাহ খুশি হন। নারী ও পুরুষ একসাথে, কাঁধে কাঁধ মিলিয়ে সেবা করবে এটিই ছিলো আল্লাহের আসল পরিকল্পনা।

কেউ কি আল্লাহের সেবাকারীদেরকে অখ্যাতি করবে বা সীমাবদ্ধ করে রাখবে?

কোন ধরণের মানুষ আল্লাহের ফসল সংগ্রহের দলকে সীমাবদ্ধ করে দিতে চাইবে?

উপসংহার

আল্লাহ্ অটল। যদি আমরা কিতাবে কোন আল্লাহ্‌ওহী গুণপূর্ণ নারীকে নেতৃত্ব দিতে দেখি এবং আল্লাহ্ যদি তাকে অনুমোদন দেয় তাহলে তিনি অবশ্যই এই বিষয়টি মঞ্জুর করছেন।

চারটি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ্ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?